প্রথম আলো

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঔষধ প্রশাসন অধিদপ্তর

ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

www.dgda.gov.bd

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা ঔষধ ব্যবসায়ীদের জানানো যাচ্ছে যে, ফার্মেসী পরিচালনার জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে ড্রাগ লাইসেন্স গ্রহণ করতে হয় এবং প্রতি ০২ (দুই) বছর অন্তর অন্তর ড্রাগ লাইসেন্স নবায়ন করতে হয়। ড্রাগ লাইসেন্সবিহীন ফার্মেসী পরিচালনা করা 'ঔষধ ও কসমেটিকস আইন-২০২৩' মোতাবেক একটি শাস্তিযোগ্য অপরাধ। অনেক ঔষধ ব্যবসায়ীদের দেখা যাচ্ছে বহুদিন যাবৎ ড্রাগ লাইসেন্স নবায়ন ব্যতিরেকে ফার্মেসী ব্যবসা পরিচালনা করছেন।

এমতাবস্থায়, ০২ (দুই) মেয়াদের বেশী ড্রাগ লাইসেন্স নবায়ন না করা থাকলে সংশ্লিষ্ট জেলা কার্যালয় হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ড্রাগ লাইসেন্স নবায়ন করতে হবে। অন্যথায়, ৩০ (ত্রিশ) দিন পর হতে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**খুচরা ড্রাগ লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

১। যথাযথভাবে পূরণকৃত দরখাস্ত ফরম নং-৭।

২। নিয়োজিত ফার্মাসিস্ট/কবিরাজ/হাকিম/হোমিও ডাক্তার এর রেজিস্ট্রেশন সনদের মূল কপি ও সত্যায়িত ফটোকপি।

৩। নিয়োজিত ফার্মাসিস্ট/কবিরাজ/হাকিম/হোমিও ডাক্তার এর অঙ্গীকারনামা।

৪। লাইসেন্স নবায়ন ফি ও বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে) এর ট্রেজারী চালানের মূল কপি।

৫। দোকানের হালনাগাদ ট্রেড লাইসেন্স-এর সত্যায়িত ফটোকপি।

৬। মালিকের নাগরিকতার সনদের সত্যায়িত ফটোকপি।

৭। দোকান ভাড়ার চুক্তিনামা/ভাড়ার রশিদের সত্যায়িত ফটোকপি।

৮। মালিকের আর্থিক স্বচ্ছলতার সনদ (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট)।

৯। Income Tax Return রশিদ এর সত্যায়িত ফটোকপি।

স্বাক্ষরিত/-
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
Email: dgda.gov@gmail.com